

লক্ষ্মীপুরে স্কুলের ছাদ ধসে ৪ ছাত্রের মর্মান্তিক মৃত্যু

লক্ষ্মীপুর, ১১ই জুন (নিজস্ব সংবাদ-
দাতার ফোন)।- আজ বেলা ১২টায় সদর
ধানার দুয়চর সরকারি প্রাইমারি স্কুলের
ছাদ ধসে ৪ জন ছাত্রছাত্রীর মর্মান্তিক মৃত্যু
হয়েছে। মারাত্মক আহত হয়েছে আরো ৯
জন।

তবে জেলা প্রশাসক জানান, ৩ জন
ছাত্রছাত্রীর মৃত্যু হয়েছে। ক্লাস চলাকালে
স্কুলের একটি কক্ষ মেরামত করার সময়
ছাদ ধসে ২য় শ্রেণীর দেয়ালে পড়লে
দেয়ালটি ছাত্রছাত্রীদের চাপা দেয়। ফলে ২
জন ছাত্র ঘটনাস্থলেই নিহত হয়। পরে
লক্ষ্মীপুর সদর হাসপাতালে নেয়ার পর
আরও ২ জন ছাত্র মারা যায়। ঘটনার পর
শিক্ষকরা সবাই পালিয়ে যায়। জেলা

প্রশাসক অন্য কর্মকর্তাদের নিয়ে ঘটনাস্থলে
গেছেন। নিহতরা হচ্ছে হোসেন আরা (৭),
হারুন রশিদ (১০), জহির (১০) এবং
হোসেনে আরা বেগম (৮)। আহতদের মধ্যে
আশংকাজনক অবস্থায় কবির হোসেন (৮),
রাশেদ (১০), সুমী (১২) এবং নাসিমাকে
(১০) সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ক্লাস চলাকালে ছাদ ধসে পড়ার পর
আহতদের আতঙ্কিতকারে এক ভয়াবহ
পরিবেশের সৃষ্টি হয়। নিহত শিশুদের
শোকে কান্নায় ভেঙে পড়ে অনেক
সহপাঠী। অনেকে ভয়ে পালিয়ে যায়।
সংবাদ শুনে দ্রুত আশাপাশের লোকজন
ছুটে এসে আহতদের হাসপাতালে পাঠায়।